

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৫.২০২১.৫০৮

তারিখ:

২১ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর ২০২১ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব নাছিমা আক্তার (০১২৬২৭), প্রভাষক (পদার্থবিদ্যা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা University Kebangsaan, Malaysia -তে পি.এইচ.ডি. কোর্স অধ্যয়নের লক্ষ্যে গত ২১/০১/২০০৯ খ্রি. হতে ২০/০১/২০১২ খ্রি. পর্যন্ত ০৩ (তিন) বছরের প্রেষণ মঞ্জুর করা হয়। গত ২১/০১/২০১২ খ্রি.স্টান্দে প্রেষণ শেষ হওয়া সত্ত্বেও তিনি ০৫/০১/২০২১ খ্রি. পর্যন্ত ০৮ (আট) বছর ১১ (এগার) মাস ১৫ (পনের) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন।

যেহেতু, জনাব নাছিমা আক্তার ০৩ (তিন) বছর প্রেষণসহ মোট ১১ (এগার) বছর ১১ (এগার) মাস ১৫ (পনের) দিন একনাগাড়ে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলে তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, জনপ্রশাসন মন্ত্রণালয়ে ০৬/১২/২০১৫ খ্রি.স্টান্দে জারীকৃত প্রজ্ঞাপনের উচ্চ শিক্ষা বিষয়ক নীতিমালার ১১ এর (জ) অনুযায়ী কোন কর্মচারী প্রশিক্ষণ বা উচ্চশিক্ষার জন্য একসাথে ৫ (পাঁচ) বছরের বেশি প্রেষণ/শিক্ষাছুটি/ অসাধারণ ছুটি অথবা ছুটি ছাড়া তাঁর নিজ পদ হতে যদি অনুপস্থিত থাকেন, তবে বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৩৪ এর বিধান প্রযোজ্য হয় অর্থাৎ এ ক্ষেত্রে অনুপস্থিতির কাল/সময় ০৫ (পাঁচ) বছর অতিক্রম করলেই চাকরির অবসান অবসান (Ceases to be in Government employee) হয়;

যেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী জনাব নাছিমা আক্তার-কে চাকরি হতে অবসান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত প্রকাশ করেছে এবং মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব নাছিমা আক্তার (০১২৬২৭), প্রভাষক (পদার্থবিদ্যা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী ২১/০১/২০১৪ খ্রি. হতে সরকারি চাকরি হতে অবসান (Ceases to be in Government employee) করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
তারিখ: ০৫/০৯/২০২১
(মোঃ মাহবুব হোসেন)
সচিব


স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৫.২০২১.৫০৮/১(১০)

তারিখ:

২১ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর ২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব নাছিমা আক্তার এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
৩. মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অধ্যক্ষ.....।
- ✓ ৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.....।
১০. জনাব নাছিমা আক্তার (০১২৬২৭), প্রভাষক (পদার্থবিদ্যা), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


০৫/০৯/২০২১
(জাকিয়া খানম)
যুগ্মসচিব
ফোন: ৯৫৫৩২৭৬